গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mowr.gov.bd

**পানি সম্পদ মন্ত্রণালয়ের ডিসেম্বর ২০২৫ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।**

---

| | |
|---|---|
| সভাপতি | খোন্দকার আজিম আহমেদ এনডিসি<br>সচিব (রুটিন দায়িত্ব) |
| সভার তারিখ | ০৭ জানুয়ারি ২০২৬ |
| সভার সময় | সকাল ১০.০০ ঘটিকা |
| স্থান | মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট-'ক' |

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (প্রশাসন) সভার কার্যপত্র উপস্থাপন করেন। সভায় নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র. নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে দায়িত্বপ্রাপ্ত |
|---|---|---|---|---|
| ১ | **গত সমন্বয় সভার কার্যবিবরণী অনুমোদন** | সভায় নভেম্বর ২০২৫ মাসের কার্যবিবরণী পর্যালোচনা করা হয়। সংশোধন প্রস্তাব থাকলে উপস্থাপনের আহ্বান জানানো হয়। কোন সংশোধনী প্রস্তাব উপস্থাপিত হয়নি। | নভেম্বর ২০২৫ মাসের কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হলো। | প্রশাসন-০২ শাখা, পাসম |
| ২ | **জেলা প্রশাসক সম্মেলনে গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি** | জেলা প্রশাসক সম্মেলনে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করা হয়। ৪ টি জেলা প্রশাসক সম্মেলনে সর্বমোট ৫৪ টি সিদ্ধান্ত গৃহীত হয় (২০২৫ সালে ২৪টি, ২০২৪ সালে ১৭টি, ২০২৩ সালে ১১টি ও ২০১৯ সালে ০২টি), তন্মধ্যে ১২ টি সিদ্ধান্ত বাস্তবায়িত হয়েছে (২০২৪ সালে ৫টি, ২০২৩ সালে ৬টি ও ২০১৯ সালে ০১টি)।<br>বান্দরবান জেলার রোয়াংছড়ি উপজেলার তারাছা খালে রাবার ড্যামের বিষয়ে গঠিত কারিগরি কমিটির রিপোর্ট ০৭/০১/২০২৬ তারিখে দাখিল করেছেন। | মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী জেলা প্রশাসক সম্মেলনে গৃহীত সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে। সিদ্ধান্ত সমূহের পর্যায় ভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি (মোট গৃহীত সিদ্ধান্ত, বাস্তবায়িত এবং বাস্তবায়নাধীন সিদ্ধান্তসমূহ) পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।<br>বান্দরবান জেলার রোয়াংছড়ি উপজেলার তারাছা খালে রাবার ড্যামের বিষয়ে গঠিত কারিগরি কমিটির প্রতিবেদন ও গৃহীত ব্যবস্থা পরবর্তী সভায় জানাতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন), মহাপরিচালক, বাপাউবো, উপসচিব (পরিবীক্ষণ ও বাস্তবায়ন শাখা) |
| ৩ | **সময়াবদ্ধ সংস্কার পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি** | সময়াবদ্ধ সংস্কার পরিকল্পনার হালনাগাদ অগ্রগতি প্রতিবেদন প্রেরণ ও প্রাপ্ত রিপোর্ট যাচাই-বাছাই করে পরবর্তী সভায় উপস্থাপনের বিষয়ে আলোচনা করা হয়। | সময়াবদ্ধ সংস্কার পরিকল্পনার হালনাগাদ অগ্রগতি প্রতিবেদন নিয়মিতভাবে প্রেরণ করতে হবে। প্রাপ্ত রিপোর্ট যাচাই-বাছাই করে পরবর্তী সভায় প্রতিটি সংস্কারের প্রকৃত অগ্রগতি উপস্থাপন করতে হবে। | যুগ্মসচিব (রিফর্ম ম্যানেজমেন্ট এন্ড পলিসি রিসার্চ ইউনিট) এবং সকল সংস্থা প্রধান |
| ৪ | **মন্ত্রণালয়ের Governance Performance Monitoring System (GPMS)** | মন্ত্রিপরিষদ বিভাগের পরবর্তী নির্দেশনা অনুযায়ী মন্ত্রণালয়ের Governance Performance Monitoring System (GPMS) বাস্তবায়নের বিষয়ে আলোচনা হয়। | মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী GPMS কার্যক্রমের প্রত্যেকের প্রযোজ্য অংশটুকু যথাযথভাবে সম্পন্ন করতে হবে এবং অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | GPMS ফোকাল পয়েন্ট কর্মকর্তা, RM&PR ইউনিট, পাসম ও সকল সংস্থা প্রধান |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫ | **টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDG) বাস্তবায়ন অগ্রগতি এবং আন্তঃ সীমান্ত নদী চুক্তি** | SDG বাস্তবায়ন অগ্রগতি এবং আন্তঃসীমান্ত নদী চুক্তি বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | (ক) মন্ত্রণালয়ের সঙ্গে সম্পৃক্ত SDG সংশ্লিষ্ট কার্যক্রমসমূহ (লীড, কো-লীড এবং সাপোর্ট বিষয়গুলো আলাদা করে) এর অগ্রগতি কার্যক্রম পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।<br><br>( খ) আন্ত: সীমান্ত নদী চুক্তি বিষয়ে যৌথ নদী কমিশন প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা (SDG), মহাপরিচালক, বাপাউবো ও সদস্য, জেআরসি |
| ৬ | **মন্ত্রণালয় ও সংস্থাসমূহের ওয়েবসাইট হালনাগাদকরণ, ডি-নথি, প্রকল্প তথ্য প্রকাশ ও আইসিটি বিষয়ক কার্যক্রম** | (ক) মন্ত্রণালয় ও সংস্থাসমূহের ডি-নথি কার্যক্রম, ওয়েবসাইট হালনাগাদ, RMS সফটওয়ারে রিপোর্ট প্রেরণ বিষয়ে পর্যালোচনা করা হয়। | **(ক) মন্ত্রণালয়ের সকল শাখার ডি-নথি নিষ্পত্তির হার ১০০% অব্যাহত রাখতে হবে। সংস্থাসমূহের ডি-নথি নিষ্পত্তি হার বৃদ্ধি করতে হবে। ওয়েবসাইট হালনাগাদ, RMS সফটওয়ারে রিপোর্ট প্রেরণ কার্যক্রম যথারীতি অব্যাহত রাখতে হবে।** | সকল সংস্থা প্রধান/অনুবিভাগ/অধিশাখা/শাখা (সকল), পাসম |
| ৭ | **সংস্থাসমূহের শূন্যপদ পূরণ ও মাসিক কার্যবিবরণী প্রেরণ** | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নিয়োগ কার্যক্রম পরিচালনার করার জন্য বাপাউবো'র বাজেট প্রায় শেষ। আরো কিছু পদে নিয়োগের জন্য নতুন বাজেট প্রয়োজন। এ জন্য এ মন্ত্রণালয়ের মাধ্যমে অর্থ বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে। | আইন ও বিধিমালা অনুসারে শূন্যপদে নিয়োগ সম্পন্ন করতে হবে এবং সংশ্লিষ্ট তথ্য নিয়মিতভাবে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | সকল সংস্থা প্রধান ও প্রশাসন-২ শাখা, পাসম |
| ৮ | **উন্নয়ন প্রকল্প ও আপদকালীন কার্যক্রম পরিদর্শন** | আপদকালীন প্রয়োজনীয় কাজ দ্রুত বাস্তবায়ন ও 'জরুরি আদেশ' জারির পূর্বে যথাযথ যাচাই-বাছাই এবং নিয়মিত তদারকির বিষয়ে আলোচনা হয়। | সকল আপদকালীন ও জরুরি কাজের গুণগত মান নিশ্চিত করতে হবে এবং PPA-2006 ও PPR-2025 যথাযথভাবে প্রতিপালন করতে হবে। | মহাপরিচালক, বাপাউবো ও যুগ্মসচিব (বাজেট) |
| ৯ | **হাওর অঞ্চল সুরক্ষা** | বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের কিশোরগঞ্জ ও সুনামগঞ্জ কার্যালয়ের কার্যক্রম পূর্ণাঙ্গভাবে শুরু করার বিষয়ে আলোচনা হয়। | বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের কিশোরগঞ্জ ও সুনামগঞ্জ জেলার অফিস কার্যক্রম দ্রুত পূর্ণমাত্রায় চালুর জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাপরিচালক, বাহাওজউঅ |
| ১০ | অডিট সংক্রান্ত বিষয় | **নির্ধারিত টাইম ফ্রেমের মধ্যে অডিটের জবাব প্রদানসহ দ্বিপাক্ষীয়/ত্রিপাক্ষীয় মিটিং যথাসময়ে হয়েছে কিনা তা পরীক্ষা করার জন্য দৈবচয়ন ভিত্তিতে সকল দপ্তর থেকে ১/২টি অডিটের তথ্য নিয়ে পর্যালোচনার বিষয়ে সভায় আলোচনা করা হয় (পাসম এর অডিট আপত্তির সংখ্যা ৩টি যার আর্থিক সংশ্লেষ ১৩.৮০০ লক্ষ টাকা, বাপাউবো'র অডিট আপত্তির সংখ্যা ৫৪৫৬টি যার আর্থিক সংশ্লেষ ২৫০১০২২.৩৫০ লক্ষ টাকা, বাহওজউঅ এর অডিট আপত্তির সংখ্যা ১৩টি যার আর্থিক সংশ্লেষ ৬৪৮০.৩৫৫ লক্ষ টাকা, ওয়ারপো'র অডিট আপত্তির সংখ্যা ৪০টি যার আর্থিক সংশ্লেষ ২১১.৫১০ লক্ষ টাকা, নগই এর অডিট আপত্তির সংখ্যা ৪৫টি যার আর্থিক সংশ্লেষ ১১৯৮.৮১০ লক্ষ টাকা, জেআরসি'র অডিট আপত্তির সংখ্যা ৫টি যার আর্থিক সংশ্লেষ ১১৭৪.৮৮০ লক্ষ টাকা)।** | **এ মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থাভিত্তিক অডিটের সংক্ষিপ্ত তথ্য রেজুলেশনে উল্লেখ থাকতে হবে। নির্ধারিত টাইম ফ্রেমের মধ্যে অডিটের জবাব প্রদানসহ দ্বিপাক্ষীয়/ত্রিপাক্ষীয় মিটিং যথাসময়ে হয়েছে কিনা তা তা পরীক্ষা করার জন্য দৈবচয়ন ভিত্তিতে সকল দপ্তর থেকে ১/২টি অডিটের তথ্য নিতে হবে। এ বিষয়ে পরবর্তী সভায় অবহিত করতে হবে।** | যুগ্মসচিব (বাজেট ও অডিট) এবং সকল সংস্থা প্রধান |

| | | | | |
|---|---|---|---|---|
| ১১ | **সংস্থাসমূহের কর্মকর্তা/কর্মচারীদের বিরুদ্ধে আনীত বিভাগীয় মামলা সংক্রান্ত তথ্য** | সকল বিভাগীয় মামলার বিষয় গুরুত্ব দিয়ে দেখভালের পাশাপাশি নির্ধারিত সময় এবং নিয়ম-পদ্ধতিতে শেষ করার বিষয়ে আলোচনা করা হয় (বাপাউবো এর আগত মামলা ৩৩টি, রুজু হয়েছে ২টি, পেন্ডিং রয়েছে ৩২টি, ওয়ারপো এর আগত মামলা ১টি, পেন্ডিং রয়েছে ১টি, নগই এর আগত মামলা ১টি, পেন্ডিং রয়েছে ১টি)। | ক) সকল বিভাগীয় মামলার বিষয় গুরুত্ব দিয়ে দেখভালের পাশাপাশি নির্ধারিত সময় এবং নিয়ম-পদ্ধতিতে শেষ করতে হবে। | সকল সংস্থা প্রধান ও আইন শাখা, পাসম |
| ১২ | **সংস্থাসমূহের মামলা সংক্রান্ত বিষয়** | (ক) মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের মামলা সংক্রান্ত হালনাগাদ তথ্য উপস্থাপন করা হয়। মামলার ক্ষেত্রে সর্বোচ্চ গুরুত্ব দিতে এবং সরকারী স্বার্থ রক্ষায় যথাযথ পদক্ষেপ নেয়ার বিষয়ে আলোচনা হয় (বাপাউবো এর আগত মামলা ৫২৫৫টি রুজু হয়েছে ১৮টি, পেন্ডিং রয়েছে ৫২৬১টি, নগই এর আগত মামলা ১৩টি, পেন্ডিং রয়েছে ১৩টি)।<br>খ) যেসব সংস্থার প্যানেল আইনজীবী রয়েছেন, তাদের নিয়মিত সভা আয়োজন ও সরকারি স্বার্থ রক্ষায় তৎপর থাকার বিষয়ে আলোচনা করা হয়। | (ক) প্রতিটি সমন্বয় সভায় পূর্ববর্তী মাসের মামলা সংখ্যা, নতুন মামলা, নিষ্পত্তিকৃত মামলা ও চলমান মামলার তুলনামূলক প্রতিবেদন উপস্থাপন করতে হবে। দীর্ঘদিন পেন্ডিং থাকা মামলাগুলো তালিকাভুক্ত করে দ্রুত নিষ্পত্তির উদ্যোগ নিতে হবে। সরকারী স্বার্থ রক্ষায় যথাযথ পদক্ষেপ নিতে হবে।<br>(খ) যেসব সংস্থার প্যানেল আইনজীবী রয়েছে, তারা নিয়মিত অগ্রগতি পর্যালোচনা সভা করবেন। সরকারি স্বার্থ রক্ষার্থে Proper Representation নিশ্চিত করতে হবে। | সকল সংস্থা প্রধান ও আইন শাখা, পাসম |
| ১৩ | **উন্নয়ন প্রকল্প সমাপ্তির পর ইকুইপমেন্ট/যানবাহন হস্তান্তর** | যে সকল প্রকল্প গত বছর ও বর্তমান বছরে শেষ হয়েছে সেগুলোর যানবাহনসমূহ TO&E ভুক্ত করার জন্য দ্রুত ব্যবস্থা নেয়ার পাশাপাশি বাকিগুলোও পর্যায়ক্রমে অন্তর্ভুক্তির কার্যক্রম নেয়ার বিষয়ে আলোচনা হয়। | যে সকল প্রকল্প গত বছর ও বর্তমান বছরে শেষ হয়েছে সেগুলোর যানবাহনসমূহ TO&E ভুক্ত করার জন্য দ্রুত ব্যবস্থা নিতে হবে। বাকিগুলোও পর্যায়ক্রমে অন্তর্ভুক্তির কার্যক্রম গ্রহণ করতে হবে। | সকল সংস্থা প্রধান ও উন্নয়ন ও পরিকল্পনা উইং, প্রশাসন-১ শাখা, পাসম |
| ১৪ | **পানি সম্পদ মন্ত্রণালয়ের সংস্থাসমূহের ম্যান্ডেট হালনাগাদকরণ** | পানি সম্পদ মন্ত্রণালয়ের ম্যান্ডেট হালনাগাদকরণ সংক্রান্ত কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা করা হয়। | ম্যান্ডেট হালনাগাদকরণ কার্যক্রমের প্রকৃত অগ্রগতি RM&PR ইউনিট পরবর্তী সভায় উপস্থাপন করবে। | যুগ্মসচিব (RM&PR) পাসম |
| ১৫ | বিবিধ | | | |
| | | (ক) বিদ্যুতিক সরঞ্জাম ব্যবহার এবং অগ্নি-নিরাপত্তা নিশ্চিত করণের বিষয়ে আলোচনা করা হয়। | (ক) অফিস ছুটির সময়ে সকল বৈদ্যুতিক সুইচ বন্ধ করতে হবে এবং বৈদ্যুতিক সরঞ্জামাদি ব্যবহারে যথারীতি যত্নবান হতে হবে। পাশাপাশি বৈদ্যুতিক সরঞ্জামাদি ব্যবহারে গণপূর্ত মন্ত্রণালয়ের নির্দেশনা প্রতিপালন করতে হবে। | সকল কর্মকর্তা, পাসম/ সকল সংস্থা প্রধান |

| | | | | |
|---|---|---|---|---|
| | বিবিধ বিষয়ে আলোচনা | (খ) বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের এবং অন্যান্য সংস্থার জমি ব্যবস্থাপনা বিষয়ে আলোচনা করা হয়। | (খ) (i) বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ভূমি অধিগ্রহণ মামলা অনুযায়ী কতটুকু জমি অধিগ্রহণ করা হয়েছিল আর কতটুকু নামজারী এবং গেজেট হয়েছে তার জেলা ভিত্তিক তথ্য সংগ্রহ করতে হবে।<br>(ii) কোন ভূমি অধিগ্রহণ মামলার জমি যদি অদ্যাবধি নামজারী এবং গেজেটভুক্ত না হয়ে থাকে তবে অনতিবিলম্বে তা সম্পাদনের জন্য উদ্যোগ গ্রহণ করতে হবে।<br><br>(iii) উপরোক্ত (i) এবং (ii) এর বিষয়ে অগ্রগতি প্রতিবেদন পরবর্তী সভায় মহাপরিচালক (বাপাউবো) উপস্থাপন করবেন। | মহাপরিচালক, বাপাউবো |
| | | (গ) কাবিটা নীতিমালা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যেই কার্যক্রম সম্পাদনের বিষয়ে আলোচনা করা হয়। | (গ) কাবিটা নীতিমালা অনুযায়ী ৩০ নভেম্বরের মধ্যে পিআইসি কমিটি গঠন করার পাশাপাশি ২৮ ফেব্রুয়ারীর মধ্যে কাজ সমাপ্তের কথা রয়েছে। এ বিষয়ে তদারকির জন্য মন্ত্রণালয় এবং বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের আলাদা আলাদ ২ টি টীম গঠন করা হয়েছে। গঠিত ০২ টি টীম সমন্বয় করে পিআইসি কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পসমূহ তদারকি করবে। অদ্যাবধি কোন পিআইসির কাজ শুরু না হয়ে থাকলে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড সে বিষয়ে দ্রুত ব্যবস্থা নিবে। | মহাপরিচালক (বাপাউবো)<br>যুগ্মসচিব (পরিবীক্ষণ ও বাস্তবায়ন শাখা) |

০২। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২১-০১-২০২৬
খোন্দকার আজিম আহমেদ এনডিসি
সচিব (রুটিন দায়িত্ব)
২২৩৩৫৬৭৭৩

**নম্বর:** ৪২.০০.০০০০.০০০.০৩২.০৬.০০৬৪.১৭.৪৭

তারিখ: ৭ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
২১ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) সমন্বয় সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামী ২৯ জানুয়ারি ২০২৬ তারিখের মধ্যে আবশ্যিকভাবে দাখিলের অনুরোধসহ:**

১। প্রথম শ্রেণির কর্মকর্তা (সকল), পানি সম্পদ মন্ত্রণালয়।
২। সংস্থা প্রধান (সকল), পানি সম্পদ মন্ত্রণালয়।।
৩। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়।
৪। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, পানি সম্পদ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।।
৫। প্রোগ্রামার, আইসিটি শাখা , পানি সম্পদ মন্ত্রণালয়।
৬। অফিস কপি, ।

২১-০১-২০২৬
আল-বশিরুল ইসলাম
সিনিয়র সহকারী সচিব